## নির্দেশাবলী:

১) আবেদনের জন্য আমাদের গ্রাহক পোর্টাল এ (https://portal.mangoca.com) রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করতে হবে।

২) অনলাইন রেজিস্ট্রেশন করার সময় আপনার **মোবাইল নম্বর** ও **ই-মেইল ঠিকানা** অবশ্যই দিতে হবে এবং প্রদত্ত **মোবাইল নম্বর** ও **ই-মেইল ঠিকানা** তা পোর্টাল যাচাই করবে। পরবর্তী সময়ে আপনি ই-মেইলের মাধ্যমে আমাদের কাছ থেকে একটি CIN (কাষ্টমার আইডেনটিফিকেশন নম্বর বা গ্রাহক চিহ্নিতকরণ নম্বর) পাবেন। আবেদন করার জন্য এবং ভবিষ্যতে অন্যান্য প্রয়োজনীয় কাজের জন্য এই নম্বরটি নিজ দায়িত্বে আপনার সংগ্রহে রাখুন।

৩) এরপর আপনি পোর্টালটিতে (https://portal.mangoca.com ) লগ-ইন করুন এবং (Apply) -এ ক্লিক করুন। এবার "**Certificate Signing Request**" (CSR) তথ্য পূরণের জন্য আপনি যে ফরমটি পাবেন তা অত্যন্ত-মনোযোগের সাথে পূরণ করুন।

৪) ফর্মটি পূরণ করে Submit বা "জমা" দেবার পর আপনি একটি স্বয়ংক্রিয় চালানপত্র ই-মেইল এ পাবেন।

৫) "**DSC Application Pack**" আপনি ডাউনলোড করে নিতে পারেন অথবা ই-মেইল এর মাধ্যমেও সংগ্রহ করতে পারেন।

৬) "**DSC Application Pack**" এ যা আছে;

- আবেদন সংক্রান্ত তথ্যাবলী
- সাপোর্টিং ডকুমেন্ট চেকলিস্ট
- ডিজিটাল স্বাক্ষর এর আবেদন ফরম
- গ্রাহক চুক্তি

৭) অনুগ্রহ করে "**Digital Signature Certificate Application Form**", পূরণ করুন এবং "**Supporting Document Checklist**" এ সার্টিফিকেট এর ক্লাস অনুযায়ী এই সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ফরমটির সাথে সংযুক্ত করুন। এরপর গ্রাহক চুক্তি "**Subscriber Agreement**"এ স্বাক্ষর করুন।

৮) নিচে উল্লেখকৃত ব্যাংকে (দেশের যে কোন স্থানে অবস্থিত উক্ত ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে) অথবা ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) এর অফিসে স্বয়ংক্রিয় চালানপত্র ধাপ ৪ এ প্রাপ্ত অনুযায়ী টাকা জমা দিন।

**ব্যাংক এশিয়া লিমিটেড**

একাউন্ট নাম: **Mango Teleservices Limited**

একাউন্ট নম্বরঃ ০২-৮৩৬০০০০২৪

৯) জমাকৃত টাকার রশিদের ফটোকপি এবং আপনার সকল সঠিক তথ্য ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) এর অফিসে জমা দিন। জমাকৃত টাকা ফেরত যোগ্য নয়।

১০) ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) আপনার সকল তথ্য যাচাই করবে এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কে আপনাকে যথাসময়ে অবহিত করবে।

১১) ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) কর্তৃক আপনার তথ্যসমূহ যাচাইকালে আপনাকে সশরীরে উপস্থিতি প্রয়োজন হতে পারে অথবা নাও পারে । ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) পরবর্তী করণীয় সম্পর্কে সিদ্ধান- প্রদান করবে।

১২) ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) ফরম এ প্রদেয় তথ্যে কোন অমিল, অসম্পূর্ণতা পেলে ফরমটি বাতিল করার পূর্ণ অধিকার রাখে।

১৩) আপনি নিজেও আপনার পোর্টাল এ লগ-ইন করে বাঁ দিকের মেন্যু থেকে Status এ ক্লিক করে আপনার আবেদন এর অগ্রগতি সম্পর্কে জানতে পারেন।

১৪) সফলভাবে তথ্য যাচাই বাছাই পর্ব শেষে ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) আপনাকে সার্টিফিকেট প্রদান করবে।

১৫) আপনার আবেদন এর ফলাফল সম্পর্কে আপনাকে ঝগঝ এর মাধ্যমে জানানো হবে।

১৬) সার্টিফিকেটটি আপনার ব্রাউজার/ হার্ডটোকেন কি-স্টোর এ ইন্সটল করার জন্য একটি নির্দেশণা সংবলিত ই-মেইল আপনাকে পাঠানো হবে।

১৭) সার্টিফিকেট জেনারেশন/ ডাউনলোড করার জন্য MICROSOFT INTERNET EXPLORER ব্যবহার করুন।

১৮) আপনি কম্পিটারের মাধ্যমে সার্টিফেকেটটি পেতে আপনার সার্টিফিকেটটি ডাউনলোড করে নিন অথবা আপনি ম্যাঙ্গো রেজিস্ট্রেশন অথরিটি (R.A) অফিসে সরাসরি যোগাযোগ করে আপনার সার্টিফিকেটটি সংগ্রহ করতে পারেন। অথবা আপনি যদি হার্ড-টোকেন এর মাধ্যমে আপনি নিজেই সার্টিফিকেটটি ইন্সটল করতে চান সেক্ষেত্রে আপনার করণীয় সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের তথ্যকেন্দ্রের সাথে যোগাযোগ করুন। সার্টিফিকেটটি সংগ্রহ করতে আপনি নিজ দায়িত্বে পাসওয়ার্ড মনে রাখবেন।

যে কোন সহযোগিতার জন্য আপনার পোর্টালে লগ-ইন করুন, "টিকেট" জমা দিন অথবা ০২-৮৮১৪৫০৭ এ কল করে আমাদের প্রতিনিধির সাথে কথা বলুন।